

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১৬৪.১৯.

১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখঃ _____
২৫ আগস্ট ২০২৪ খ্রিঃ

বিষয় : স্মার্টকার্ডধারী সাধারণ আনসার সদস্যদের মধ্য হতে সর্বসম্মতিক্রমে ০৪ জন প্রতিনিধির নাম প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ক। স্মার্ট কার্ডধারী সাধারণ আনসার সদস্যদের আবেদন তারিখ: ১১/০৮/২০২৪ খ্রিঃ।
খ। স্মারক নং ৪৪.০০.০০০০.১১৫.১০.০০৮.২৪-১১৭, তারিখ ২৩ আগস্ট, ২০২৪ খ্রিঃ।

স্মারক মোতাবেক, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সাধারণ আনসারদের ৩ বছর চাকুরির পর বিশ্রাম বাতিল প্রক্রিয়া এবং স্মার্টকার্ডধারী সাধারণ আনসার নতুন যে কোন নিয়োগ স্থগিত ঘোষণা করা হয়েছে। একই সাথে স্মার্টকার্ডধারী সাধারণ আনসারদের বিভিন্ন দাবির যৌক্তিক ও গ্রহণযোগ্য সমাধানের লক্ষ্যে মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী- কে আহ্বায়ক করে, স্মার্টকার্ডধারী সাধারণ আনসার কর্তৃক মনোনীত ৪ জন প্রতিনিধি এবং অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে স্মার্টকার্ডধারী সাধারণ আনসারদের দাবি-দাওয়া সংক্রান্ত একটি কমিটি ইতিমধ্যে গঠন করা হয়েছে। উক্ত কমিটির সকল সদস্যকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সুপারিশ প্রনয়ণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। অতএব, অনতিবিলম্বে স্মার্টকার্ডধারী সাধারণ আনসার সদস্যদের মধ্য হতে সর্বসম্মতিক্রমে ০৪ জন প্রতিনিধির নাম প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ
এসজিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা
বাহিনী ও আহ্বায়ক স্মার্টকার্ডধারী সাধারণ আনসার
সদস্যদের সুপারিশ প্রনয়ণ কমিটি।

কার্যক্রমঃ

- ১। স্মার্টকার্ডধারী সাধারণ আনসার সদস্যদের মধ্য হতে সর্বসম্মতিক্রমে ০৪ জন প্রতিনিধি।
- ২। স্মার্টকার্ডধারী সাধারণ অঙ্গীভূত আনসার সদস্যবৃন্দ।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১। সিনিয়র সচিব

জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়